# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২০ আগস্ট, ২০১৩ |
| সময় | ঃ | বেলা ১১-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ২৯ জুলাই, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ২৯ জুলাই, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ জুলাই, ২০১৩ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ২০১৩-২০১৪ অর্থ বছরে গৃহকর বাবদ ৫,১০,০০,০০০.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১,২০,০০,০০০.০০ টাকাসহ সর্বমোট ৬,৩০,০০,০০০.০০ টাকার সম্ভাব্য রাজস্ব আয় হবে মর্মে দাবী প্রস্তুত করা হয়েছে। যার মধ্যে জুলাই, ২০১৩ মাসে গৃহকর বাবদ ৯,৯২,৩৫৪.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১২,৭৪,২৯৯.০০ টাকাসহ মোট ২২,৬৬,৬৫৩.০০ টাকা আদায় হয়েছে, যা মোট দাবীর ৩.১৬%। এ প্রসংগে উল্লেখ্য যে, ৩০/৬/২০১৩ পর্যন্ত গৃহকর বাবদ ৮৯,৩৮,২৮৫.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১৩,৭৫,৬১৬.০০ টাকাসহ মোট ১,০৩,১৩,৯০১.০০ টাকা বকেয়া আছে। উক্ত বকেয়া অর্থ আদায়ের যথাযথ পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং গৃহীত পদক্ষেপ ও আদায়কৃত অর্থের প্রতিবেদন আগামী বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

আলোচ্যসূচী-৩ঃ জুলাই, ২০১৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ জুলাই, ২০১৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ জুলাই ২০১৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ জুলাই ২০১৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৫ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#৭২, রোড#৬, ফ্ল্যাট#সি-১(১ম তলা) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | প্রকৌশলী মোঃ আতিকুর রহমান (নিযুক্তীয় আম-মোক্তার) ব্যবস্থাপনা পরিচালক দি সিভিল ইঞ্জিনিয়ার্স ৬৯, মহাখালী বাণিজ্যিক এলাকা (১২ তলা), ঢাকা-১২১২। তারিখ ঃ ১৭/১০/২০১১ | মেজর মোঃ আব্দুর রশিদ (অবঃ), পিতা- মরহুম মোঃ আখতার হোসেন, বাড়ী#৭২, রোড#৬, ফ্ল্যাট#সি-১(১ম তলা) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০৩/৩/২০১৩ তারিখের ২৩.০৫.৫০১.২০০.০২. ১২১.ফ্ল্যাট-২৫৪৭ | ফ্ল্যাটের আয়তন- ১৪০৫ বঃ ফুঃ (কার পার্কিংসহ) বার্ষিক গৃহকর-৯,০০০/-টাকা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তর অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৬ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মরহুমা কামরুন নাহার, স্বামী- লেঃ কর্ণেল মোঃ নুরুল হক (অবঃ) এর অংশ তদীয় উত্তরাধিকারীদের নামে নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডে ৪৬ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর লীজ সূত্রে মালিক যৌথভাবে লেঃ কর্ণেল মোঃ নুরুল হক (অবঃ) ও মিসেস কামরুন নাহার। মিসেস কামরুন নাহার এর মৃত্যুজনিত কারণে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীতে তাঁর অংশ নিম্নবর্ণিত উত্তরাধিকারীদের নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | উত্তরাধিকারীগণের নাম | সম্পর্ক |
|---|---|---|
| (১) | লেঃ কর্ণেল মোঃ নুরুল হক (অবঃ) | স্বামী |
| (২) | মোঃ আবুল হাসনাত | পুত্র |
| (৩) | মোঃ আবু তারেক | পুত্র |
| (৪) | মোঃ সাজেদুল হক | পুত্র |
| (৫) | ডাঃ সাবরিনা নূর | কন্যা |

আলোচ্যসূচী-৭ঃ সদর মহাখালীস্থ ৭ নং প্লটের সম্মুখস্থ ব্যক্তি মালিকানাধীন ৭ শতাংশ জায়গা সেনাকল্যাণ সংস্থাকে প্রদান করে উক্ত জায়গার পরিবর্তে জায়গার মালিককে ক্যান্টনমেন্ট বোর্ডের মালিকানাধীন অন্য স্থান হতে ৭ শতাংশ জমি প্রদানের বিষয়ে সেনাকল্যাণ সংস্থার ৩০ জুলাই, ২০১৩ তারিখের এসকেএস/১৪৯৬/আরইডি/১৫৯ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী সদর এলাকার ৭ নং প্লটের সম্মুখে ৩৭ শতাংশ জায়গা সেনাকল্যাণ সংস্থাকে লীজ প্রদানের বিষয়ে সেনাকল্যাণ সংস্থার ২৮/২/২০১৩ তারিখের এসকেএস/১৪৯৬/আরইডি/৪০নং পত্রের প্রেক্ষিতে গত ২৫/৪/২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৬ এর মাধ্যমে ক্যান্টনমেন্ট বোর্ডের 'সি' শ্রেনীভূক্ত ৩৭ শতাংশ ভিটি জমির মধ্যে মামলার আওতাধীন ৭ শতাংশ জমি বাদ দিয়ে অবশিষ্ট জমি সরকার নির্ধারিত মূল্য প্রতি শতাংশ ২২,৭৩,০০০/- (বাইশ লক্ষ তিয়াত্তর হাজার) টাকা হারে ৩০ শতাংশের মূল্য ৬,৮১,৯০,০০০/-(ছয় কোটি একাশি লক্ষ নব্বই হাজার) টাকা এবং উক্ত মূল্যের ৬% হিসেবে বাৎসরিক খাজনা ৪০,৯১,৪০০/-(চল্লিশ লক্ষ একানব্বই হাজার চারশত) টাকার ১০ গুন হারে ৪,০৯,১৪,০০০/-(চার কোটি নয় লক্ষ চৌদ্দ হাজার) টাকা প্রিমিয়াম নির্ধারণপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের মাধ্যমে সরকারের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে সিএলএ রুলের সিডিউল-৫ অনুযায়ী ৩০ বছরের জন্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক কর্তৃপক্ষের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং সেনাকল্যাণ সংস্থাকেও বিষয়টি অবহিত করা হয়েছে। তৎপ্রেক্ষিতে সেনাকল্যাণ সংস্থা তাদের ৩০/৭/২০১৩ তারিখে এসকেএস/১৪৯৬/আরইডি/১৫৯ নং পত্রের মাধ্যমে উল্লেখিত ০৭ শতাংশ জায়গা ব্যতীত সেনাকল্যাণ সংস্থার নির্মিতব্য বহুতল ভবন সম্পূর্ণ করা সম্ভব নয় বিধায় উক্ত ০৭ শতাংশ জায়গার মালিককে ক্যান্টনমেন্ট বোর্ডের অন্তর্ভুক্ত অন্য কোন জায়গায় ০৭ শতাংশ জায়গা লীজ প্রদান করে সংশ্লিষ্ট ০৭ শতাংশ জায়গা জরুরী ভিত্তিতে সেনাকল্যাণ সংস্থাকে লীজ প্রদান করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত ৭ শতাংশ জমি অন্যত্র প্রদানের বিষয়ে স্থান নির্বাচনসহ অন্যান্য বিষয়ে একটি সুপারিশমালা প্রণয়নের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | সিএমইএস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (২) | ১ × প্রতিনিধি, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৪) | রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

আলোচ্যসূচী-৮ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ১ম বেজমেন্ট এর সুপার শপ এর ইজারা/বরাদ্দ বাতিলসহ জমাকৃত জামানত বাতিলের বিষয়ে সর্বোচ্চ ডাককারী জনাব সৈয়দ হাসিবুল গণি গালিব এর ৩০ জুলাই, ২০১৩ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ১ম বেজমেন্ট এর সুপার শপ এর সর্বোচ্চ ডাককারী জনাব সৈয়দ হাসিবুল গণি গালিব এর জমাকৃত ৫০,০০০/- টাকার জামানত বোর্ডের অনুকূলে বাজেয়াপ্তকরণসহ উক্ত ইজারা ডাক বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো। একই সংগে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ইজারা ডাকের নিরাপত্তা জামানত ৫০,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ১,০০,০০০/- টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ সংক্রান্ত নীতিমালা প্রয়োজনীয় সংশোধন করার জন্যও সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ঃ গত ২৯ জুলাই, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩৮বিবিধ-৮ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ট্রেড লাইসেন্স ফি পুনঃনির্ধারণের বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনটির উপর বিস্তারিত আলোচনান্তে এবং গঠিত কমিটির প্রতিবেদন পর্যালোচনান্তে ঢাকা সিটি কর্পোরেশনের সাথে সামঞ্জস্য রেখে নিম্নবর্ণিত ট্রেডগুলোর বাৎসরিক লাইসেন্স ফি নামের পার্শ্বে বর্ণিতভাবে পুনঃনির্ধাণের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | ব্যবসার ধরণ | ক্যান্টনমেন্ট বোর্ডের ট্রেড লাইসেন্স ফি'র বর্তমান হার | পুনঃনির্ধারিত ট্রেড লাইসেন্স ফি |
|---|---|---|---|
| ১। | সিডিউল ব্যাংক | ৩,০০০/-টাকা | ১৫,৫০০/- টাকা |
| ২। | রেস্টুরেন্ট | ৫০০/-টাকা | ২,০০০/- টাকা |
| ৩। | ফাইভ স্টার হোটেল | ২০,০০০/-টাকা | ৫০,০০০/- টাকা |
| ৪। | ফোর স্টার হোটেল | -- | ২৫,০০০/- টাকা |
| ৫। | থ্রি স্টার হোটেল | ১৫,০০০/-টাকা | ২০,০০০/- টাকা |
| ৬। | টু স্টার হোটেল | -- | ১৫,০০০/- টাকা |
| ৭। | ওয়ান স্টার হোটেল | ১০,০০০/- টাকা | ১২,০০০/- টাকা |
| ৮। | প্রাইভেট হেলথ ক্লিনিক এবং নার্সিং হোম(৪০ বেড) | ১০,০০০/-টাকা | ৪০,০০০/- টাকা |

এছাড়া অন্যান্য ট্রেডের লাইসেন্স ফি বর্তমানে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিদ্যমান হার বহাল থাকবে। সংশোধিত ফিসহ ট্রেড লাইসেন্স ফি এর একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ঃ ০৩(তিন) বছর মেয়াদী রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ২৮/এ নং দোকানের মেয়াদোত্তীর্ণের প্রেক্ষিতে পরবর্তী মেয়াদে পুনঃ বরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনায় জানা যায় যে, ২৮/এ নং দোকানটি প্রস্তাবিত বহুতল বিশিষ্ট মার্কেটের নির্মাণস্থলে পড়েছে বিধায় পুনর্বাসন এলাকায় উক্ত দোকানটি স্থানান্তরসহ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সালামীতে মেয়াদোত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য পুনঃ বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১১ঃ ২টি বেজমেন্টসহ ০৯(নয়) তলা বিশিষ্ট রজনীগন্ধা সুপার মার্কেট এবং ০৪(চার) তলা বিশিষ্ট কাঁচা বাজার নির্মাণ (পুনর্বাসনসহ) প্রকল্পের ৬১৫,১১,৩৩,৮৩২/- (ছয়শত পঁনের কোটি এগার লক্ষ তেত্রিশ হাজার আটশত বত্রিশ) টাকার মূল্যানুমান ও নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ২টি বেজমেন্টসহ ০৯(নয়) তলা বিশিষ্ট রজনীগন্ধা সুপার মার্কেট এবং ০৪(চার) তলা বিশিষ্ট কাঁচা বাজার নির্মাণ (পুনর্বাসনসহ) প্রকল্পের ৬১৫,১১,৩৩,৮৩২/- (ছয়শত পঁনের কোটি এগার লক্ষ তেত্রিশ হাজার আটশত বত্রিশ) টাকার মূল্যানুমান ও নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত প্রকল্পের যাবতীয় ব্যয় দোকান/স্পেস বিক্রির সালামী বাবদ প্রাপ্য অর্থ হতে সংকুলান করা হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১২ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস মিরপুর এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | কমডোর মোঃ রাজীব (জি), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন | ৩০৩ | মিরপুর ডিওএইচএস | - | সংশোধিত ০৭(সাত) তলা (বিদ্যমান ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ) |
| (২) | এয়ার কমডোর মোঃ গোলাম তৌহিদ (অবঃ) | ৩৮৫ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ (সাত) তলা নতুন ভবন |
| (৩) | ব্রিগেঃ জেনাঃ আজমল কবীর | ৮৬৭ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ (সাত) তলা নতুন ভবন |
| (৪) | ব্রিগেঃ জেনাঃ মোঃ ফজলুল হক | ১১২৩ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ (সাত) তলা নতুন ভবন |
| (৫) | মিসেস শাহনাজ বেগম | ১২৫৮ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ (সাত) তলা নতুন ভবন |
| (৬) | লেঃ কর্ণেল জেবুন্নেছা | ১২৮১ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ (সাত) তলা নতুন ভবন |
| (৭) | মেজর (অবঃ) মোঃ নূরুল্লাহ | ১৩২৪ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ (সাত) তলা নতুন ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view- তে এমইও, কেন্দ্রীয় সার্কেল এর ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-২ হতে ৭ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস ৬টি ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং- ১ এ উল্লেখিত ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী প্রত্যয়ন প্রাপ্তি সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-১৩ঃ মিরপুর ডিওএইচএস এর ৮৮৪ নং প্লটে বেজমেন্টসহ নকশা অনুমোদনের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২৯ মে, ২০১৩ তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ৮৮৪ নং প্লটে বেজমেন্টসহ নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ভবিষ্যতে এটি কোন উদাহরণ হিসেবে বিবেচ্য হবে না।

আলোচ্যসূচী-১৪ঃ হযরত কালা শাহ (রঃ) মাজার সংলগ্ন পুকুর পাড়ের উন্নয়নের জন্য সৌন্দর্য বর্ধক ফুলের গাছ ও অন্যান্য গাছ লাগানোর জন্য গার্ডেন সেন্টারের ৮,৩০,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে হযরত কালা শাহ (রঃ) মাজার সংলগ্ন পুকুর পাড়ের উন্নয়নের জন্য সৌন্দর্য বর্ধক ফুলের গাছ ও অন্যান্য গাছ লাগানোর জন্য ৮,৩০,০০০/- (আট লক্ষ ত্রিশ হাজার) টাকার পরিবর্তে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে উক্ত কাজের জন্য প্রয়োজনীয় মাটিসহ অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি গার্ডেন সেন্টার কর্তৃক সরবরাহ করতে হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করা হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৫ঃ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সামনে ঈদগাহ মাঠে পবিত্র ঈদ-উল ফিতর এর নামাজ আদায়ের জন্য ঈদগাহ মাঠের ১৮০ - ০´´ × ১৩০ -০´´ জায়গার ত্রিপল, ম্যাট, চাদরের বিছানা, ০২(দুই)টি গেট, ইমাম সাহেবের মিম্বর তৈরী এবং পশ্চিম পার্শ্বের গ্রীলে সাদা কাপড়ের ঘেড়াও এবং মাঠের উপর ত্রিপল এবং সামিয়ানা দ্বারা প্যান্ডেল নিউ কাকলী ডেকোরেটর, এইচ-৬৪/২, নিউ এয়ারপোর্ট রোড, মহখালী, ঢাকা কর্তৃক দাখিলকৃত ৩,৫০,০০০/-(তিন লক্ষ পঞ্চাশ হাজার)টাকার সর্বনিম্নদর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে ঈদগাহ মাঠে ত্রিপল, ম্যাট, চাদরের বিছানা, গেইট ও ইমামের মিম্বর তৈরী বাবদ নিউ কাকলী ডেকোরেটর কর্তৃক দাখিলকৃত ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করা হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৬ঃ ধামালকোট এলাকায় রোপণকৃত গাছ পরিচর্যা ও পরিস্কার-পরিচ্ছন্নতা কাজের জন্য ২০(বিশ)জন দৈনিক শ্রমিক ১৫ আগষ্ট ২০১৩ তারিখ হতে ১৫ ফেব্রুয়ারি ২০১৪ তারিখ পর্যন্ত ০৬(ছয়) মাসের জন্য দৈনিক ৩০০/-(তিনশত) টাকা মজুরীতে ১৮৫ দিনের জন্য নিয়োগের নিমিত্ত বোর্ড তহবিল হতে ১১,১০,০০০/-(এগার লক্ষ দশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ধামালকোট এলাকায় রোপণকৃত গাছ পরিচর্যা ও পরিস্কার-পরিচ্ছন্নতা কাজের জন্য ২০(বিশ)জন দৈনিক শ্রমিক ১৫ আগষ্ট ২০১৩ তারিখ হতে ১৫ ফেব্রুয়ারি ২০১৪ তারিখ পর্যন্ত ০৬(ছয়) মাসের জন্য দৈনিক ৩০০/-(তিনশত) টাকা মজুরীতে ১৮৫ দিনের জন্য নিয়োগের নিমিত্ত ১১,১০,০০০/-(এগার লক্ষ দশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত শ্রমিক নিয়োগের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৭ঃ ঢাকা সেনানিবাস এলাকায় সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের চারা প্যাকেট করণ, ফুলের চারা রোপনের জন্য বেড তৈরী, ফুলের চারা পরিচর্যা এবং বিউটি স্পট তৈরীর জন্য ০১ সেপ্টেম্বর ২০১৩ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখ পর্যন্ত ০৪(চার) মাসের জন্য (১২২দিন) দৈনিক ৩০০/- (তিনশত) টাকা মজুরীতে ১০(দশ)জন দৈনিক শ্রমিক নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত দৈনিক শ্রমিকের মজুরী বাবদ মোট ৩,৬৬,০০০/-(তিন লক্ষ ছেষট্রি হাজার) টাকা ব্যয় হবে এবং উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাস এলাকায় সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের চারা প্যাকেট করণ, ফুলের চারা রোপণের জন্য বেড তৈরীরণ, ফুলের চারা পরিচর্যা এবং বিউটি স্পট তৈরীর জন্য ০১ সেপ্টেম্বর ২০১৩ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখ পর্যন্ত ০৪(চার) মাসের জন্য (১২২দিন) দৈনিক ৩০০/- (তিনশত) টাকা মজুরীতে ১০(দশ)জন দৈনিক শ্রমিক নিয়োগসহ তাদের মজুরী বাবদ ৩,৬৬,০০০/-(তিন লক্ষ ছেষট্রি হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত দৈনিক শ্রমিকের মজুরী বাবদ যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচ্যসূচী-১৮ঃ সশস্ত্র বাহিনী দিবস-২০১৩ এর পূর্বে শহীদ সরণির সবগুলো সোডিয়াম বাতি সচল রাখার লক্ষ্যে ট্রান্সকম ইলেকট্রনিক্স লিঃ হতে কোম্পানীর নির্ধারিত দরে ২৫০ ওয়াট সোডিয়াম বাতির ৪০ বাল্ব, ৪০টি ব্যালাষ্ট, ৮০টি ইগনেটর এবং ১৫০ ওয়াট সোডিয়াম বাতির ৪০টি বাল্ব, ৪০টি ব্যালাষ্ট ক্রয়ের জন্য ৬,২৮,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে সশস্ত্র বাহিনী দিবস-২০১৩ উপলক্ষে ট্রান্সকম ইলেকট্রনিকস্ লিঃ হতে কোম্পানীর নির্ধারিত দরে ৮০টি ইগনেটর এসএন-৫৮ (১৫০ ওয়াট ও ২৫০ ওয়াট বাল্বের জন্য) প্রতিটি ১৬০০/- টাকা হিসেবে (১৬০০.০০×৮০) = ১,২৮,০০০/- টাকা, ৪০টি ফিলিপস বালাষ্ট বিএসএন ২৫০ ওয়াট প্রতিটি ৪২০০/- টাকা হিসেবে (৪২০০.০০×৪০) = ১,৬৮,০০০/- টাকা, ৪০টি ফিলিপস বালাষ্ট বিএসএন-১৫০ ওয়াট প্রতিটি ৩৫০০/- টাকা হিসেবে (৩৫০০.০০×৪০) = ১,৪০,০০০/- টাকা, ৪০টি সোডিয়াম বাতি এসওএনটি-২৫০ ওয়াট প্রতিটি ২৮০০/- টাকা হিসেবে (২৮০০.০০×৪০) = ১,১২,০০০/- টাকা, ৪০টি সোডিয়াম বাতি এসওএনটি-১৫০ ওয়াট প্রতিটি ২০০০/- টাকা হিসেবে (২০০০.০০×৪০) = ৮০,০০০/- টাকাসহ সর্বামোট (১,২৮,০০০.০০+১,৬৮,০০০.০০+১,৪০,০০০.০০+ ১,১২,০০০.০০+ ৮০,০০০.০০) = ৬,২৮,০০০/- (ছয় লক্ষ আটাশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় বৈদ্যুতিক শাখার মেরামত ও রক্ষনাবেক্ষণ খাত (৬-২-খ) হতে সংকুলান করতে হবে। বাস্তব অবস্থার নিরিখে মালামালসমূহ ক্রয় করতে হবে এবং ক্রয়কৃত মালামালগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।

আলোচ্যসূচী-১৯ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ফ্রি বেডের রোগীদের ঔষধ সরবরাহের এপ্রিল, ২০১২ হতে জুলাই, ২০১৩ পর্যন্ত সময়ের বিলের অর্থ সরবরাহকারী প্রতিষ্ঠান মেসার্স নাহার ফার্মেসীকে পরিশোধের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে (বর্তমানে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল) সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, এমইও, সকল ক্যান্টনমেন্ট বোর্ড এর ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের বিনামূল্যে ঔষধসহ চিকিৎসা সেবা প্রদান করা হয়। ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের মধ্যে কেউ হাসপাতালে ভর্তি হলে ডাক্তারের পরামর্শ মোতাবেক ঔষধ সরবরাহ করা হয়ে থাকে। হাসপাতালের নিজস্ব কোন ফার্মেসী না থাকায় হাসপাতাল সংলগ্ন ঔষধের দোকান মেসার্স নাহার ফার্মেসী হতে রোগীদের জন্য বাকীতে ঔষধ সরবরাহ করা হয়ে থাকে মর্মে জানা যায়। এ ধরনের ঔষধ সরবরাহের জন্য সরকারী বিধি বিধান অনুসরণ করা হয়নি। এপ্রিল ২০১২ হতে জুন ২০১৩ পর্যন্ত মোট ১৫ মাসের দাখিলকৃত বিল বাবদ ৮,৪৪,৫৬০/- (আট লক্ষ চুয়াল্লিশ পাঁচশত ষাট) টাকা পরিশোধের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার এর নিকট উপস্থাপন করা হলে বিষয়টি দৃষ্টি গোচর হয়। বিস্তারিত আলোচনান্তে ভবিষ্যতে ফ্রি ঔষধ ক্রয় ও বিতরণের একটি নীতিমালা প্রস্তুতসহ এ যাবৎ ঔষধ ক্রয় বাবদ বকেয়া ৮,৪৪,৫৬০/- (আট লক্ষ চুয়াল্লিশ পাঁচশত ষাট) টাকা পরিশোধের বিষয়ে প্রতিবেদন প্রদানের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | স্টেশন হেলথ অফিসার<br>(ডিজিএমএস ও সদস্য, ক্যান্টনমেন্ট বোর্ড এর প্রতিনিধি)<br>ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (২) | ভারপ্রাপ্ত চীফ মেডিক্যাল অফিসার<br>সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল। | -- | সদস্য |
| (৩) | সহকারী সচিব, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৪) | হিসাব রক্ষণ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

আলোচ্যসূচী-২০ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের এক্স-রে, ইসিজি ও আলট্রাসনোগ্রাম পরীক্ষার ফি ও কনসালটেন্ট এর ফি এর হার নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাবের কার্যক্রম শীঘ্রই পূর্ণাঙ্গভাবে শুরু হবে। বর্তমানে এক্স-রে, ইসিজি ও আলট্রাসনোগ্রাম এর কার্যক্রম চালু আছে। চীফ মেডিক্যাল অফিসার এর ১৯/৮/২০১৩ তারিখের সিজিএইচ/বহি/৯১ নং পত্রের সাথে সংযুক্ত তালিকা মোতাবেক এক্স-রে, ইসিজি ও আলট্রাসনোগ্রামের ফি (পরিশিষ্ট-খ) নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত পরীক্ষার রিপোর্ট প্রণয়নের জন্য স্থায়ীভাবে কনসালটেন্ট নিয়োগ না হওয়া পর্যন্ত হাসপাতাল পরিচালনা নীতিমালা অনুযায়ী প্রতিটি এক্স-রে রিপোর্টের জন্য ১০% এবং আলট্রাসনোগ্রাম রিপোর্টের জন্য ২৫% অর্থ প্রদান সাপেক্ষে ডাঃ নাসিম সুলতানা, সহকারী অধ্যাপক, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়-কে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত ব্যয় হাসপাতালের ল্যাবরেটরীর আয় হতে নির্বাহ করা হবে।

২১বিবিধ-১ঃ মিরপুর ডিওএইচএস পরিষদের নিয়োগকৃত আনসার সদস্য/নিরাপত্তা প্রহরীদের মাসিক বেতন ভাতা বাবদ ২০,০০,৮২৩/৮৪ টাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরিশোধ করায় উত্থাপিত অডিট আপত্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এলাকার নিরাপত্তা নিশ্চিত করার জন্য এপ্রিল, ২০০৭ তারিখ হতে অক্টোবর, ২০০৯ তারিখ পর্যন্ত ডিওএইচএস পরিষদ কর্তৃক নিয়োগকৃত আনসার/নিরাপত্তা প্রহরীদের বেতন-ভাতা বাবদ বাস্তবে ১৭,৩৭,৭৯৫/- টাকা ডিওএইচএস পরিষদকে প্রদান করা হয়েছে। ২০০৬-২০১২ সালের অডিট নিরীক্ষা দল কর্তৃক ডিওএইচএস পরিষদ কর্তৃক নিয়োগকৃত আনসার/নিরাপত্তা প্রহরীদের বেতন-ভাতা ক্যান্টনমেন্ট বোর্ড হতে ডিওএইচএস পরিষদকে প্রদান করার কোন সুযোগ নেই মর্মে অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। বিস্তারিত আলোচনান্তে অডিট আপত্তির বিষয়টি ডিওএইচএস পরিষদকে অবহিতকরত: পরিশোধিত অর্থ আনসার সদস্যদের বেতন-ভাতা বাবদ প্রদানের প্রমাণপত্র সংগ্রহ করে অডিট আপত্তি নিষ্পত্তির নিমিত্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

২১বিবিধ-২ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ক্যান্টনমেন্ট বাজার এলাকার 'সি' শ্রেণীর জমির ডিজিটাল সার্ভে করণ বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ক্যান্টনমেন্ট বাজার এলাকার 'সি' শ্রেণী ও কচুক্ষেত পুরান বাজার এলাকার সীমানা পিলার এর অস্তিত্ব ইদানিং পাওয়া যাচ্ছে না। সরকারী জমি যথাযথভাবে সংরক্ষণ ও ব্যবহার এর স্বার্থে ক্যান্টনমেন্ট বাজার এলাকার 'সি' শ্রেণীর জমির ডিজিটাল সার্ভে করণ বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে উক্ত ব্যয় নির্বাহ করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২১বিবিধ-৩ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের স্টোরে রক্ষিত ৬২ হর্স পাওয়ার এর পুরাতন ০২টি সাবমারসিবল পানির পাম্প মটর মেরামত এবং ৮ নং রোডে ০১টি পুরাতন সাবমারসিবল পাম্প উত্তোলন ও মেরামতকৃত ০১টি পাম্প পুনঃস্থাপন বাবদ ২,০৭,১৯০/- (দুই লক্ষ সাত হাজার একশত নব্বই) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের স্টোরে রক্ষিত ৬২ হর্স পাওয়ার এর পুরাতন ০২টি সাবমারসিবল পানির পাম্প মটর মেরামত এবং ৮ নং রোডে ০১টি পুরাতন সাবমারসিবল পাম্প উত্তোলন ও মেরামতকৃত ০১টি পাম্প পুনঃস্থাপন বাবদ ২,০৭,১৯০/- (দুই লক্ষ সাত হাজার একশত নব্বই) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় পানি ও বিদ্যুৎ শাখার মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে সংকুলান করতে হবে।

২১বিবিধ-৪ঃ শহীদ সরণির জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত বিভিন্ন স্থানে ভাঙ্গা রাস্তা মেরামত কাজের জন্য ৫,৪১,৮৩৯/- টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ শহীদ সরণির জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত বিভিন্ন স্থানে ভাঙ্গা রাস্তা মেরামত কাজের জন্য ৫,৪১,৮৩৯/- টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে উক্ত কাজের যাবতীয় ব্যয় নির্বাহ করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২১বিবিধ-৫ঃ শহীদ সরণির ০৩(তিন)টি গ্রুপ টয়লেট মেরামত ও আধুনিকীকরণ কাজের জন্য ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ইতোপূর্বের মূল্যানুমান বাতিলপূর্বক শহীদ সরণির ০৩(তিন)টি গ্রুপ টয়লেট মেরামত ও আধুনিকীকরণ কাজের জন্য ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে উক্ত কাজের যাবতীয় ব্যয় নির্বাহ করতে হবে। কাজটি জরুরী ভিত্তিতে সম্পন্ন করতে হবে বিধায় দরপত্র আহ্বান করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। একই সাথে উক্ত গ্রুপ টয়লেট ০৩(তিন)টি সঠিকভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য ইজারা প্রদানের নিমিত্তে দরপত্র আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২১বিবিধ-৬ঃ ঢাকা সেনানিবাস এলাকায় ঘাস কাটার নিমিত্তে ৬.৫ হর্স পাওয়ারের ০১টি লন মোয়ার ও ০২টি ব্যাকপ্যাক মেশিন ক্রয়ের জন্য ১,৪৭,০০০/- টাকার মূল্যানুমান ও ব্যয়ের অনুমোদন প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে ৬.৫ হর্স পাওয়ারের ০১টি লন মোয়ার ও ০২টি ব্যাকপ্যাক মেশিন ক্রয়ের জন্য ১,৪৭,০০০/- টাকার মূল্যানুমান ও ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

২১বিবিধ-৭ঃ ঢাকা সিএমএইচ-এ ডাস্টবিন ও রাস্তা নির্মাণের নিমিত্তে ৩,৭৩,৪৯১/- টাকার মূল্যানুমান ও ব্যয়ের অনুমোদন প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সিএমএইচ-এ ডাস্টবিন ও রাস্তা নির্মাণের নিমিত্তে ৩,৭৩,৪৯১/- টাকার মূল্যানুমান ও ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে উক্ত কাজের যাবতীয় ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২১বিবিধ-৮ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে বহুতল বিশিষ্ট আধুনিক মার্কেট নির্মাণ কাজে নিয়োজিত কনসালটেন্ট এর কনসালটেন্সি ফি বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটে বহুতল বিশিষ্ট আধুনিক মার্কেট নির্মাণ কাজে নিয়োজিত কনসালটেন্ট এর কনসালটেন্সি ফি বৃদ্ধির জন্য আবেদন করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে মোট প্রকল্প ব্যয়ের ০.৬০% এর পরিবর্তে ১.০০% হারে কনসালটেন্সি ফি নির্ধারণের নীতিগত সিদ্ধান্ত গৃহীত হলো। এ ব্যাপারে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের মতামত গ্রহণ করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২১বিবিধ-৯ঃ আর্মি এমপি ইউনিট এর সামনে ৬ × ৬ ফুটপাত ভেঙ্গে রাস্তা চওড়াকরণ কাজ।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান ও নকশা প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২১বিবিধ-১০ঃ সৌদি কলোনী ও মহাখালী ডিওএইচএস এর সীমানার পানির পাইপ ব্যবহার সংক্রান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এর পূর্বাংশের বৃষ্টির পানি সংলগ্ন সৌদি কলোনী এলাকার পাইপ ড্রেন দিয়ে নামে বিধায় সৌদি কলোনী এলাকা সামান্য বৃষ্টিতেই তলিয়ে যায়। মহাখালী ডিওএইচএস এর সংশ্লিষ্ট এলাকার পানি অন্য দিক দিয়ে প্রবাহিত হওয়ার জন্য প্রয়োজনীয় ড্রেন নির্মাণের মূল্যানুমান ও নকশা প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। ।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫.০৮.২০১৩

**( মোঃ রেজাউল ইসলাম )**
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

**(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম)**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

**পরিশিষ্ট- 'ক'**

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন সৈয়দ আরিফুল ইসলাম, (ট্যাজ), পিএসসি, বিএন — উপস্থিত
অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) গ্রুপ ক্যাপ্টেন মুঃ কামরুল ইসলাম, এএফডব্লিউসি,পিএসসি — উপস্থিত
অধিনায়ক, প্রশাসনিক শাখা, বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) মেজর নাজ আখতার হোসেন — উপস্থিত
প্রতিনিধি, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর ফেরদৌস — উপস্থিত
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক — উপস্থিত
বাসা#৪০৮/৮, রোড#৭ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহ্‌মেদ — উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) মোঃ মাহবুব জামিল — উপস্থিত
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

# Ultra Sonogram Rate

| Sl No. | Name of Investigation | Rate |
|---|---|---|
| 1. | USG of Whole Abdomen | 1,000.00 |
| 2. | USG Upper Abdomen | 800.00 |
| 3. | USG Lower Abdomen | 800.00 |
| 4. | USG of Thyroid Gland | 800.00 |
| 5. | USG of HBS & Pancreas | 800.00 |
| 6. | USG of Testis | 800.00 |
| 7. | USG of Pelvic Organ | 800.00 |
| 8. | USG of KUB | 800.00 |
| 9. | USG of Parotid Gland Both | 800.00 |
| 10. | USG of Pregnancy Profile | 800.00 |
| 11. | USG of Scrotum | 800.00 |
| 12. | USG of HBS | 800.00 |
| 13. | USG of Breast | 800.00 |
| 14. | USG of KUB & Prostate | 800.00 |
| 15. | USG of HBS & KUB | 800.00 |
| 16. | USG of Both Breast | 800.00 |
| 17. | USG of Uterus to See Pregnancy Profile | 800.00 |
| 18. | USG of Uterus to see Fetal Well Being | 800.00 |
| 19. | USG of TVS | 1500.00 |
| 20. | USG of Cranial to Exclude Hydrocephalus | 800.00 |
| 21. | USG of A/P Organs | 800.00 |
| 22. | USG of Chest | 800.00 |
| 23. | USG of Cranium | 800.00 |
| 24. | USG of Brain | 800.00 |
| 25. | USG of Pregnancy Profile & anomally Scanning | 1500.00 |

# E.C.G Rate

| Sl No. | Name of Investigation | Rate |
|---|---|---|
| 1. | E.C.G | 300.00 |

চীফ মেডিকেল অফিসার
সির ড-খাজন মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড
জেনারেল হাসপাতাল, ঢাকা ক্যান্টনমেন্ট।

# X-Ray Rate

| Sl No. | Name of Investigation | Rate |
|---|---|---|
| 1. | X-Ray Chest P/A View | 300.00 |
| 2. | X-Ray Chest Lt. Lateral View | 300.00 |
| 3. | X-Ray Chest Apical View | 300.00 |
| 4. | X-Ray Chest Oblique View | 300.00 |
| 5. | X-Ray PNS (On View) | 300.00 |
| 6. | X-Ray PNS B/V | 600.00 |
| 7. | X-Ray Skull B/V | 600.00 |
| 8. | X-Ray Skull A/P View | 300.00 |
| 9. | X-Ray Skull Lateral View | 300.00 |
| 10. | X-Ray Right Shoulder Joint B/V | 600.00 |
| 11. | X-Ray Left Shoulder Joint B/V | 600.00 |
| 12. | X-Ray Left Shoulder Joint A/P View | 300.00 |
| 13. | X-Ray Cervical Spine A/P & Lateral View | 300.00 |
| 14. | X-Ray Neck B/V | 600.00 |
| 15. | X-Ray Clavicle A/P View | 300.00 |
| 16. | X-Ray Soft Tissue Neck Lateral View | 300.00 |
| 17. | X-Ray Thoracic Spine A/P & Lateral View | 600.00 |
| 18. | X-Ray Dorsal Spine A/P & Lateral View | 600.00 |
| 19. | X-Ray Dorsal Lumber Spine A/P & Lateral View | 600.00 |
| 20. | X-Ray Lumber Spine A/P & Lateral View | 600.00 |
| 21. | X-Ray Lumbo Sacral Spine A/P & Lateral View | 600.00 |
| 22. | X-Ray L/S Spine B/V | 600.00 |
| 23. | X-Ray S. I Joint Both Oblique View | 600.00 |
| 24. | X-Ray Coccyx Joint B/V | 600.00 |
| 25. | X-Ray Pelvis B/V | 600.00 |
| 26. | X-Ray Pelvis & Both Hip Joint A/P View | 550.00 |
| 27. | X-Ray Right Hip B/V | 300.00 |
| 28. | X-Ray Right Hip Lateral View | 300.00 |
| 29. | X-Ray Left Hip Lateral View | 300.00 |
| 30. | X-Ray Left Orbit | 300.00 |
| 31. | X-Ray Both Knee Joint B/V | 700.00 |
| 32. | X-Ray Right Knee Joint A/P & Lateral View | 350.00 |
| 33. | X-Ray ~~Right~~ Left Knee Joint A/P & Lateral View | 350.00 |

২২/৮/১৬

চীফ মেডিকেল অফিসার
[illegible]-খালেদ মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড
জেনারেল হাসপাতাল, ঢাকা ক্যান্টনমেন্ট।

| Sl No. | Name of Investigation | Rate |
|---|---|---|
| 34. | X-Ray Knee Joint Skyline View | 400.00 |
| 35. | X-Ray Knee Joint Tangial View | 400.00 |
| 36. | X-Ray Right Leg A-P & Lateral View | 550.00 |
| 37. | X-Ray Left Leg A-P & Lateral View | 550.00 |
| 38. | X-Ray Right ankle Joint A-P & Lateral View | 400.00 |
| 39. | X-Ray Left ankle Joint A-P & Lateral View | 400.00 |
| 40. | X-Ray Ankle Joint B/V | 400.00 |
| 41. | X-Ray Foot B/V | 400.00 |
| 42. | X-Ray Right Foot A/P & Oblique View | 400.00 |
| 43. | X-Ray Left Foot A/P & Oblique View | 400.00 |
| 44. | X-Ray Calcaneus B/V (Heel) | 400.00 |
| 45. | X-Ray Left Arm A/P & Lateral View | 400.00 |
| 46. | X-Ray Left Elbow Joint A/P & Lateral View | 400.00 |
| 47. | X-Ray Left Forearm A/P & Lateral View | 400.00 |
| 48. | X-Ray Right Forearm A/P & Lateral View | 400.00 |
| 49. | X-Ray Left Wrist Joint A/P & Lateral View | 400.00 |
| 50. | X-Ray Right Hand A/P & Oblique View | 400.00 |
| 51. | X-Ray Left Hand A/P & Oblique View | 400.00 |
| 52. | X-Ray Nasal Bone B/V | 550.00 |
| 53. | X-Ray Nasal Bone Lateral View | 300.00 |
| 54. | X-Ray Of Orbit B/V | 550.00 |
| 55. | X-Ray Of TM Joint (Open & Close Mouth) | 550.00 |
| 56. | X-Ray Of Nasopharyx Lateral View | 400.00 |
| 57. | X-Ray Of Mastoid Towns View | 450.00 |
| 58. | X-Ray Of Abdomen Erect Posture | 400.00 |
| 59. | X-Ray Of KUB | 550.00 |
| 60. | X-Ray O.C.G | 2200.00 |
| 61. | X-Ray IVU (Including Medicine) | 3500.00 |
| 62. | X-Ray Of MCU (Including Medicine) | 3500.00 |
| 63. | X-Ray R.G.U (Including Medicine) | 3500.00 |
| 64. | X-Ray Of Ba-Meal S/D | 2200.00 |
| 65. | X-Ray Of Ba-Meal Follow Through | 2200.00 |
| 66. | X-Ray Of Ba- Follow Through | 2200.00 |
| 67. | X-Ray Of Ba- Swallow Esophagus | 1800.00 |
| 68. | X-Ray Of Ba-Enema D/C | 2200.00 |

চীফ মেডিকেল অফিসার
[illegible] মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড
জেনারেল হাসপাতাল, ঢাকা ক্যান্টনমেন্ট।

| SI No. | Name of Investigation | Rate |
|---|---|---|
| 69. | X-Ray Of Fistulogram | 3500.00 |
| 70. | X-Ray Of Sinogram | 1100.00 |
| 71. | X-Ray Right Shoulder & Arm A/P Lateral view | 550.00 |
| 72. | X-Ray Left Mandible Lateral View | 400.00 |
| 73. | X-Ray Left Index Finger | 400.00 |
| 74. | X-Ray L/S Spine Lateral View | 400.00 |
| 75. | X-Ray Of Mastoid Lateral View | 350.00 |
| 76. | X-Ray Both Knee A/P & Lateral View | 800.00 |

চীফ মেডিকেল অফিসার
সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড
জেনারেল হাসপাতাল, ঢাকা ক্যান্টনমেন্ট।